৩১ শে জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪ ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
٥.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৫	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
೨.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
8.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
Œ.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			

MRT Line-5: Southern Route

২০৩০ সালের মধ্যে গাবতলী থেকে আফতাব নগর পশ্চিম পর্যন্ত ১৩.১০ কিলোমিটার পাতাল এবং আফতাব নগর সেন্টার থেকে দাশেরকান্দি পর্যন্ত ৪.১০ কিলোমিটার উড়াল মোট ১৭.২০ কিলোমিটার দীর্ঘ এবং ১৫টি স্টেশন (পাতাল ১১টি এবং উড়াল ৪টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত প্রাক-সম্ভাব্যতা যাচাই সম্পন্ন হয়েছে। গত ২১ এপ্রিল ২০২১ তারিখ নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। Feasibility Study গত ৩০ নভেম্বর ২০২২ তারিখ সম্পন্ন হয়েছে। বিভিন্ন ধরণের সার্ভে ও Engineering Design এর কাজ চলমান রয়েছে। Engineering Design কাজের অগ্রগতি ৮৬.০০%। Feasibility Study এর ভিত্তিতে বিনিয়োগ প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ চলমান আছে।